যুগান্তর

তারিখ ২3 MAR 2017
পৃঃ ২৭ কলাম ৬

# বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের মানববন্ধন

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরে ৬ দফা দাবিতে মানববন্ধন করেছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বুধবার দুপুরে গাজীপুর মহানগরীর সালনা এলাকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের জয়বাংলা চত্বরে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত শিক্ষার্থীদের ব্যানারে মানববন্ধন বাস্তবায়ন কমিটির আহ্বায়ক মেহেদী হাসান আনসারীর সভাপতিত্বে বক্তব্য রাখেন সদস্য সচিব এমএন খান আরিফ, সদস্য মীর ওবায়দুর রহমান শাওন, মো. গোলাম রসুল মিয়া, মাহমুদুল. হাসান তিতাস, প্রধান সমন্বয়ক এসএম ফজলে রাব্বী বাঁধন, আকাশ সিনহা, মাহমুদু হাসান প্রমুখ। মানববন্ধন কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের প্রায় ৫ শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। মানববন্ধনে জঙ্গিবাদ দমনে বঙ্গবন্ধুর আদর্শের ছাত্র সংগঠনের উন্মুক্ত চর্চা করার সুযোগ দেয়া, সব শিক্ষার্থীর ব্যালট পেপারে প্রত্যক্ষভাবে ভোট প্রদানের মাধ্যমে ছাত্রসংসদ নির্বাচন দেয়া বিএস কোর্স এবং এমএস ভর্তি ফি এবং প্রতি টার্মের এনরোলমেন্ট ফি কমানোর দাবি